# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৭৫৭

পর্ব-১৮: প্রশাসন ও বিচারকার্য (كتاب الإمارة والقضاء)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় অনুচ্ছেদ - বিচারকদের (সহকর্মীদের) বেতন ও হাদিয়া গ্রহণ করা

আরবী

عَنْ أَبِي أُمَامَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ شَفَعَ لِأَحَدٍ شَفَاعَةً فَأَهْدَى لَهُ هَدِيَّةً عَلَيْهَا فَقَبِلَهَا فَقَدْ أَتَى بَابًا عَظِيمًا مِنْ أَبْوَابِ الرِّبَا» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৩৭৫৭-[১৩] আবূ উমামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি কোনো শাসক বা বিচারকের নিকট সুপারিশ করে, আর সে সুপারিশ স্বরূপ তার নিকট কোনো হাদিয়া (উপহার) পাঠায় এবং তিনি তা গ্রহণ করেন। তাহলে সে সুদের দরজাসমূহের মধ্য থেকে কোনো একটি বিরাট দরজায় প্রবেশ করল। (আবূ দাঊদ)[1]

ফুটনোট

[1] হাসান : আবূ দাঊদ ৩৫৪১, সহীহাহ্ ৩৪৬৫, সহীহ আল জামি‘ ৬৩১৬, সহীহ আত্ তারগীব ২৬২৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীসের শিক্ষাঃ

(ক) সুপারিশ করা বৈধ, অনেক ক্ষেত্রে আবশ্যক।

(খ) সুপারিশ করার প্রেক্ষিতে সুপারিশকৃত ব্যক্তির কাছ থেকে কোনো প্রকার অর্থ লেন-দেন করা যাবে না।

(গ) সুপারিশ করার পর যদি কিছু হাদিয়া দেয়া হয় তাহলে তা বর্জন করাই শ্রেয়, যেহেতু সেখানে সুদের সংশ্লিষ্টতা থাকার সম্ভাবনা রয়েছে।

এক্ষেত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক ‘আলী প্রদত্ত উপদেশ প্রণিধানযোগ্য। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, دَعْ مَا يُرِيبُكَ إِلَى مَا لَا يُرِيبُكَঅর্থাৎ সন্দেহভাজন বিষয় থেকে মুখ ফিরিয়ে নিয়ে যাতে সন্দেহ

নেই সেদিকে চল। তাই এখান থেকে বিরত থাকাই একান্ত কাম্য। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69084

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন